

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
সুরক্ষাসেবা বিভাগ  
পরিকল্পনা শাখা-১  
[www.ssd.gov.bd](http://www.ssd.gov.bd)

নং-৫৮.০০.০০০০.০৯৪.১৪.০৭০.১৮- ১০৪

২৭ অগ্রহায়ণ ১৪২৫ ব:  
তারিখ: -----  
১১ ডিসেম্বর ২০১৮খ্রি:

প্রেরক : শিরিন আখতার  
সিনিয়র সহকারী প্রধান

প্রাপক : প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সিজিএ ভবন  
সেগুনবাগিচা, ঢাকা।

বিষয় : “বাংলাদেশে ই-পাসপোর্ট ও স্বয়ংক্রিয় বর্ডার নিয়ন্ত্রণ ব্যবস্থা প্রবর্তন” শীর্ষক প্রকল্পের আওতায় চলতি ২০১৮-২০১৯ অর্থবছরে ১৫টি বিভিন্ন প্রকার যানবাহন ক্রয়ের অনুমোদন।


মহোদয়,

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের আওতায় বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নের নিমিত্ত “বাংলাদেশ ই-পাসপোর্ট ও স্বয়ংক্রিয় বর্ডার নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা প্রবর্তন” শীর্ষক প্রকল্পের আওতায় চলতি ২০১৮-২০১৯ অর্থবছরের এডিপিতে ‘৪১১২১০১-মোটর যান’ খাতে বরাদ্দকৃত অর্থ হতে ০৬টি (ফোর হইল) জীপ, ০৬টি (সাত সিট বিশিষ্ট) কার, ০২টি (১২ সিট বিশিষ্ট) মাইক্রোবাস, ০১টি ডাবল পিকআপ ভ্যানসহ মোট ১৫টি যানবাহন নিম্নবর্ণিত শর্তে ক্রয়ের সম্মতি জ্ঞাপন করছি:

শর্তসমূহ:

- গাড়ী ক্রয়ে Public Procurement Act 2006 ও Public Procurement Rules 2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে;
- প্রকল্পের আওতায় ক্রয়কৃত ও ক্রয়তব্য গাড়ীসমূহ সংস্থার টিওএন্ডইভুক্ত করতে হবে;
- অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ অনুবিভাগের সর্বশেষ নির্ধারিত দরের মধ্যে গাড়ী ক্রয় করতে হবে এবং
- অব্যয়িত অর্থ (যদি থাকে) ৩০/০৬/২০১৯খ্রি: তারিখের মধ্যে সমর্পণ করতে হবে।

২। এতে অর্থ বিভাগের ০২ ডিসেম্বর ২০১৮ তারিখের ০৭.১০৬.০১৪.৭৩৭৫.০০.০০১.২০১৮-৬২নং স্মারকমূলে সম্মতি রয়েছে।




(শিরিন আখতার)  
সিনিয়র সহকারী প্রধান  
ফোনঃ ৯৫৬৫৫৭৫

নং-৫৮.০০.০০০০.০৯৪.১৪.০৭০.১৮- ১০১(৭)

তারিখ: ১১ ডিসেম্বর ২০১৮খ্রি:

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দুঃ আঃ উপ-সচিব, বাজেট অনুবিভাগ-১, শাখা-৬)।
- ২। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৩। প্রকল্প পরিচালক, “বাংলাদেশে ই-পাসপোর্ট ও স্বয়ংক্রিয় বর্ডার নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা প্রবর্তন” শীর্ষক প্রকল্প, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৭। অতিরিক্ত সচিব (উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।



(শিরিন আখতার)  
সিনিয়র সহকারী প্রধান